

বঙ্গভবন ০৫ সেপ্টেম্বর ২০২২:

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে আজ বঙ্গভবনে বাংলাদেশে নিউজিল্যান্ডের নবনিযুক্ত হাইকমিশনার **David Gregory Pine** পরিচয়পত্র পেশ করেন।

নতুন দূত বিকেলে বঙ্গভবনে পৌঁছলে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট এর একটি চৌকস দল তাদের গার্ড অব অনার প্রদান করে।

সাক্ষাৎকালে রাষ্ট্রপতি বলেন স্বাধীনতার পর বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম দিকের দেশ নিউজিল্যান্ড। নিউজিল্যান্ডের সাথে বাংলাদেশের সম্পর্ক অত্যন্ত চমৎকার এবং এ সম্পর্ক ক্রমাগতই বহু মাত্রিক ক্ষেত্রে সম্প্রসারিত হচ্ছে। বাংলাদেশি পণ্যে শুল্কমুক্ত প্রবেশাধিকার প্রদানের জন্য নিউজিল্যান্ডের প্রতি ধন্যবাদ জানিয়ে রাষ্ট্রপতি বলেন এর মাধ্যমে দ্বিপাক্ষিক বাণিজ্য-বিনিয়োগ আরো সম্প্রসারিত হবে। এসময় বাংলাদেশের প্রাণিসম্পদ খাতে বিনিয়োগে এগিয়ে আসার জন্য নিউজিল্যান্ডের বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানান রাষ্ট্রপতি। তিনি বলেন, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ, পোশাক, ঔষধ, সিরামিকসহ বিশ্বমানের বিভিন্ন ধরনের পণ্য উৎপাদন করে থাকে। নিউজিল্যান্ড বাংলাদেশ থেকে এসব পণ্য আমদানি করতে পারে।

নিউজিল্যান্ডের নতুন হাইকমিশনার দায়িত্ব পালনকালে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব (সংযুক্ত) মোঃ ওয়াহিদুল ইসলাম খান এসময় উপস্থিত ছিলেন।